

প্রিয় নারী

প্রিয় নারী .. কখনও

সংকল্পিত অভিপ্রায় তোমার,
সংলাপ মিষ্টি সৌরভে ।
তবু ও তীব্র সমালোচনা তোমাকে নিয়ে
সুধীজন ব্যথিত তোমার দৃষ্টিতে
গদ্যময় চাহনিতে ।

প্রিয় নারী .. অন্যত্র

তোমার উদ্ভাসিত পথচলায়
পৃথিবী থমকে দাড়ায়,
কবির কবিতা লিখে,
শিল্পির ছবি আঁকে,
গজলের সয়লাব আসে মাদকীয় আয়োজনে ।

আমি শুধুই নিখর অনুভূতিহীন
তোমার রহস্যময়তায় ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম ।